

প্রেসরিলিজ


২৯ ফেব্রুয়ারি ২০২৪

বাউবিতে স্বাধীনতায়ুদ্ধ ও গণহত্যা শীর্ষক সেমিনার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের আয়োজনে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ বুধবার বাউবির বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রের লেকচার গ্যালারিতে “ফরিদপুর জেলার স্বাধীনতায়ুদ্ধ ও গণহত্যা” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। তিনি বলেন ৭৫ পরবর্তী সময়ে অসংখ্য দলিল দস্তাবেজ ধ্বংসের পায়তারা করেছিলো ঘাতকের দল। শুধু তাই নয়, স্বাধীনতা বিরোধীদের নাগরিকত্ব ফিরিয়ে দিয়ে নোংরা রাজনীতি করতে চেয়েছিল তারা। ইতিহাস বিকৃত করে পরবর্তী প্রজন্মকে বিভ্রান্ত করতে চেয়েছিল। কিন্তু তাদের এ চক্রান্ত সফল হয়নি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা শেখ হাসিনা ক্ষমতা গ্রহণের পর সঠিক ইতিহাস রক্ষার উপর জোর দেন। এ লক্ষ্যে তিনি সমাজ সচেতন নাগরিক, কবি সাহিত্যিক, বিজ্ঞানী, সাংবাদিক, লেখক, গবেষকগণের মতামতকে সবচেয়ে গুরুত্ব দিয়ে ইতিহাসের সঠিক প্রচারনার উপর জোর দেন। তিনি আরো বলেন, যারা মুক্তিযুদ্ধকে ধারণ করে শুধুমাত্র তাদের পক্ষেই এই ইতিহাস লেখা সম্ভব। সেমিনারে গবেষণা প্রতিবেদন উপস্থাপন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব (অবঃ) মোঃ আব্দুর রাজ্জাক ভূঞা। গবেষণা প্রতিবেদনটি ২১টি অধ্যায়ে বিন্যাসিত। বিষয়ভিত্তিক এই ২১ টি অধ্যায়ের সারসংক্ষেপ তুলে ধরেন তিনি।



প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এর সভাপতিত্বে সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম। এ সময় উপস্থিত ছিলেন ফারিস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. রকীব আহমদ, বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, ফারিস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রেজারার ড. মঞ্জুর ই খোদা তরফদার, বাউবির রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



ড. আ ফ ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

বাউবির দিক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা